# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯০৫

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৪. লভ্যাংশের বিনিময়ে কারবার - ঋণ প্রদানে বরকত হয়

আরবী

عَنْ صُهَيْبٍ ـ رضي الله عنه ـ أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «ثَلَاثٌ فِيهِنَّ الْبَرَكَةُ: الْبَيْعُ إِلَى أَجَلٍ، وَالْمُقَارَضَةُ، وَخَلْطُ الْبُرِّ بِالشَّعِيرِ لِلْبَيْتِ, لَا لِلْبَيْعِ». رَوَاهُ ابْنُ مَاجَهْ بِإِسْنَادٍ ضَعِيفٍ

ضعيف. رواه ابن ماجه (2289)

বাংলা

৯০৫. তিনটি জিনিসের মধ্যে বরকত রয়েছে: মেয়াদ নির্দিষ্ট করে ক্রয়-বিক্রয়, মুকারা যা ব্যবসা এবং পারিবারিক প্রয়োজনে গমে যব মিশানো, ব্যবসায়িক উদ্দেশ্যে নয়। —ইবনু মাজাহ দুর্বল সনদে।[1]

---

সম্পদের মালিক যৌথ ব্যবসায় কল্যাণমূলক যে কোন শর্ত করতে পারে

৯০৫-১. হাকিম বিন হিযাম (রাঃ) থেকে বর্ণিত, তিনি যৌথভাবে কারবার করার জন্য কোন ব্যক্তিকে কোন মাল দিলে এ শর্তগুলো আরোপ করতেনঃ জানোয়ার ও কাঁচা অস্থায়ী মালে আমার পুঁজি লাগবে না, আমার মাল সামুদ্রিক যানে চাপবে না, কোন প্লাবন ভূমিতে তা নিয়ে রাখবে না। যদি তুমি এরূপ কিছু কর তাহলে তুমি আমার মালের খেসারত দিতে বাধ্য থাকবে। —দারাকুতনী, এর রাবীগণ নির্ভরযোগ্য।[2]

ইমাম মালিক মুআত্তায় বলেছেন- আলা বিন আবদুর রহমান বিন ইয়াকুব হতে বর্ণিত, তিনি তাঁর পিতা হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করেন যে, তিনি (ইয়াকুব) উসমান (রাঃ)-এর মাল নিয়ে উভয়ের মধ্যে লাভ বণ্টিত হবার শর্তে ব্যবসা করেছিলেন। -এই হাদীস মাওকুফ সূত্রে সহীহ।[3]

## ফুটনোট

[1] বিন বায তাঁর হাশিয়া বুলুগুল মারাম ৫৩৭ গ্রন্থে বলেন, এর সানাদে তিনজন অপরিচিত বর্ণনাকারী রয়েছে। ইমাম শাওকানী আদ দুরারী আল মাযিয়্যাহ ২৮৪ গ্রন্থে বলেন, এতে দু'জন অপরিচিত রাবী রয়েছে। তিনি নাইলুল আওত্বার ৫/৩৯৪ গ্রন্থে বলেন, নাসর ইবনুল কাসেম আবদুর রহীম বিন দাউদ থেকে বর্ণনা করেছেন, যারা উভয়েই অপরিচিত। শাইখ আলবানী যঈফ ইবনু মাজাহ ৪৫৪, যঈফুল জামে ২৫২৫ গ্রন্থদ্বয়ে অত্যন্ত দুর্বল বলেছেন। আবার তাখরীজ মিশকাত ২৮৬৬ গ্রন্থে শুধু দুর্বল বলেছেন। কিন্তু সিলসিলা যাঈফা ২১০০ গ্রন্থে একে মুনকার বলেছেন। মীযানুল ইতিদাল ২/৬০৫ গ্রন্থে ইমাম যাহাবীও একে মুনকার বলেছেন।

[2] দারাকুতনী (৩/৬৩) শক্তিশালী সানাদে বর্ণনা করেছেন।

[3] মুওয়াত্তা মালিক (২/৬৮৮)।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70716

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন